

(প্রেস বিজ্ঞপ্তি)

২৫ মে ২০২২

মালয়েশিয়া সফর শেষে  
দেশে ফিরলেন সিটি মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী আজ বুধবার সকালে বাংলাদেশ বিমানের একটি ফ্লাইটে শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দরে অবতরণ করেন। তিনি গত ১০ মে ব্যক্তিগত সফরে মালয়েশিয়া যান। বিমান বন্দরে সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরীকে ফুলেল শুভেচ্ছা জানান ভারপ্রাপ্ত মেয়র মো. গিয়াস উদ্দিন, প্যানেল মেয়র, ওয়ার্ড কাউন্সিলর, সংরক্ষিত কাউন্সিলর, রাজনৈতিক ব্যক্তিবর্গসহ সিটি কর্পোরেশনের উর্দ্ধতন কর্মকর্তা-কর্মচারীগণ ও সিবিএ নেতৃবৃন্দ।

## চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত বি এ জাফর সড়কের অবৈধ স্থাপনা উচ্ছেদ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী'র নেতৃত্বে পাঁচলাইশ ওয়ার্ডের বি এ জাফর সড়কের অবৈধ স্থাপনা উচ্ছেদ পূর্বক রাস্তার জায়গা অবৈধ দখলমুক্ত করা হয় এবং নগরীর সাগরিকা রোডে ফুটপাথ দখল করে মোটর সাইকেল ওয়ার্কশপ বসানোর দায়ে ১ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৫ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ও আনসার ব্যাটালিয়ন সদস্যরা ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

### স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩